# দারুল উলূম এমদাদীয়া মাদরাসা

Darul Uloom Emdadia Madrasa

**শিশু থেকে ৫ম শ্রেণী**

যা আছে....

- প্রতিষ্ঠান পরিচিতি
- বিভাগসমূহ
- ভর্তি প্রক্রিয়া
- শিক্ষকবৃন্দ
- পাঠ্যক্রম
- সুযোগ-সুবিধা
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- ভবিষ্যত পরিকল্পনা

01615-449995 01615-449995
Darul Uloom Emdadia Madrasa
www.darululoom.net

বাইতুল মা'মূর জামে মসজিদ সংলগ্ন,
পশ্চিমতল্লা, ফতুল্লা, নারায়নগঞ্জ
০১৯৪১৩৩৮৩৩৮

## প্রতিষ্ঠান পরিচিতি

[দারুল উলূম এমদাদীয়া মাদরাসা] একটি জ্ঞান, নৈতিকতা ও সংস্কৃতির সমন্বয়ে গড়ে ওঠা শিক্ষালয়, যেখানে প্রজন্মকে গড়ে তোলা হয় সৎ, দক্ষ ও দায়িত্বশীল নাগরিক হিসেবে। প্রতিষ্ঠালগ্ন থেকেই আমরা আধুনিক শিক্ষার সাথে ইসলামী ও ঐতিহ্যবাহী মূল্যবোধকে সমন্বিত করে একটি সুষ্ঠু, শৃঙ্খলাবদ্ধ ও অনুপ্রেরণামূলক পরিবেশ সৃষ্টি করেছি।

আমাদের লক্ষ্য শুধুমাত্র পাঠ্যপুস্তকের সীমিত জ্ঞান প্রদান নয়; বরং প্রতিটি শিক্ষার্থীর ভেতরে লুকিয়ে থাকা প্রতিভাকে জাগিয়ে তোলা, নৈতিক চরিত্র গঠন এবং সমাজে ইতিবাচক অবদান রাখার মানসিকতা সৃষ্টি করা।

আধুনিক শিক্ষাপদ্ধতি, দক্ষ শিক্ষকবৃন্দ, উপযুক্ত অবকাঠামো ও সৃজনশীল কার্যক্রমের সমন্বয়ে আমরা এমন একটি শিক্ষাঙ্গন গড়ে তুলেছি যেখানে শিক্ষা শুধুমাত্র পাঠ নয়- এটি জীবন গড়ার পথ।

## বিভাগসমূহ

- নুরানী (কিন্ডার গার্টেন) বিভাগ শিশু থেকে ৫ম শ্রেণী।
- নাজেরা ও হিফজ বিভাগ।
- হিফজ রিভিশন বিভাগ।

## ভর্তি প্রক্রিয়া

আমাদের প্রতিষ্ঠানে ভর্তি একটি সুশৃঙ্খল ও স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয়, যাতে প্রতিটি শিক্ষার্থী সঠিকভাবে মূল্যায়িত হয় এবং উপযুক্ত শ্রেণিতে ভর্তি হয়।

ভর্তির ধাপসমূহ:

- ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ - নির্ধারিত সময়ের মধ্যে ফরম সংগ্রহ করে সঠিকভাবে পূরণ করতে হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র জমা - জন্ম সনদ, পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের সনদপত্র (যদি থাকে) ও পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
- প্রবেশিকা পরীক্ষা - শিক্ষার্থীর সক্ষমতা ও জ্ঞানের মান যাচাইয়ের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া হবে।
- ফলাফল প্রকাশ - পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি তালিকা প্রকাশ করা হবে।
- ভর্তি নিশ্চিতকরণ - নির্ধারিত সময়ে ভর্তি ফি পরিশোধের মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে।

আমরা বিশ্বাস করি, সঠিকভাবে বাছাইকৃত ও প্রস্তুত শিক্ষার্থীই আমাদের প্রতিষ্ঠানের মান ধরে রাখতে এবং উচ্চতর সাফল্য অর্জন করতে সক্ষম। ইনশাআল্লাহ॥

## শিক্ষকবৃন্দ

আমাদের প্রতিষ্ঠানের শিক্ষকগণ শুধু পাঠদানের জন্য নয়, বরং শিক্ষার্থীদের জীবন গঠনের জন্য নিবেদিতপ্রাণ। তারা আধুনিক শিক্ষাপদ্ধতি ও ঐতিহ্যবাহী মূল্যবোধের সমন্বয়ে প্রতিটি শিক্ষার্থীকে সঠিক পথে পরিচালিত করতে সচেষ্ট।

আমাদের শিক্ষকবৃন্দের বিশেষ গুণাবলী:

- দক্ষতা ও যোগ্যতা - বিষয়ভিত্তিক উচ্চতর জ্ঞান ও প্রশিক্ষণপ্রাপ্ত।
- নৈতিকতা ও আদর্শ - শিক্ষার্থীদের সামনে নৈতিক আচরণ ও সৎ চরিত্রের জীবন্ত উদাহরণ।
- সহানুভূতি ও ধৈর্য - প্রতিটি শিক্ষার্থীর ব্যক্তিত্ব ও শেখার ধরণ অনুযায়ী যত্ন নেওয়া।
- প্রেরণা ও নেতৃত্ব - শিক্ষার্থীদের আত্মবিশ্বাস জাগিয়ে তোলা ও তাদের সাফল্যের পথে অনুপ্রাণিত করা।
- আধুনিক পদ্ধতির ব্যবহার - প্রযুক্তি ও সৃজনশীল কৌশলের মাধ্যমে শিক্ষাকে আকর্ষণীয় ও সহজবোধ্য করা।

আমাদের বিশ্বাস, যোগ্য ও নিবেদিত প্রাণ শিক্ষকই একটি প্রতিষ্ঠানের আসল শক্তি, আর আমরা সেই শক্তিকেই সর্বোচ্চ মর্যাদায় লালন করি।

## পাঠ্যক্রম

আমাদের পাঠ্যক্রম এমনভাবে সাজানো হয়েছে, যাতে শিক্ষার্থীরা আধুনিক শিক্ষার জ্ঞান ও ইসলামী-ঐতিহ্যবাহী মূল্যবোধ একসাথে অর্জন করতে পারে। প্রতিটি বিষয় ধাপে ধাপে ও বাস্তবমুখী পদ্ধতিতে উপস্থাপন করা হয়, যাতে শিক্ষার্থীরা শুধু পরীক্ষায় ভালো ফল করে না - বরং জীবনের প্রতিটি ক্ষেত্রে জ্ঞানকে কাজে লাগাতে সক্ষম হয়।

পাঠ্যক্রমের বৈশিষ্ট্য:

- জাতীয় পাঠ্যক্রম ও আন্তর্জাতিক মানের সমন্বয়।
- বিষয়ভিত্তিক গভীরতা ও সহজবোধ্য উপস্থাপন।
- সৃজনশীলতা, সমালোচনামূলক চিন্তা ও সমস্যা সমাধানের দক্ষতা বৃদ্ধি।
- চরিত্র গঠন ও নৈতিক শিক্ষার অন্তর্ভুক্তি।

- ব্যবহারিক কার্যক্রম, প্রজেক্ট ও সাংস্কৃতিক কর্মকান্ডের সমন্বয়।

আমরা বিশ্বাস করি, সঠিকভাবে পরিকল্পিত পাঠ্যক্রম শিক্ষার্থীর একাডেমিক উৎকর্ষের পাশাপাশি তাকে একজন সৎ, দক্ষ ও দায়িত্বশীল মানুষ হিসেবে গড়ে তুলতে সহায়ক।

## সুযোগ-সুবিধা

- প্রশস্থ ক্লাস রুম।
- গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র
- খেলাধুলার মাঠ
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- বোডিং, যাতে আছে তিন বেলা খাবারের ব্যবস্থা।
- ক্যান্টিন, যাতে থাকবে ছাত্রদের টিফিন খাবারের ব্যবস্থা।
  যার ফলে বাইরে বের হওয়ার প্রয়োজন না থাকায়, থাকছে ছাত্রদের সম্পূর্ণ নিরাপত্তা ব্যবস্থা।
- IPS যার মাধ্যমে থাকছে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।
- সাথে আছে সিকিউরিটি গার্ড ও সি .সি ক্যামেরার মাধ্যমে সম্পূর্ণ নিরাপত্তার ব্যবস্থা।
- বাচ্চাদের জন্য উন্নতমানের ফিল্টারের পানি পান করার ব্যবস্থা।
- পরিস্কার ও পরিচ্ছন্নতার জন্য রয়েছে লিকুইড সাবানের ব্যবস্থা।
- শ্রেণিকক্ষেই পাঠ আয়ত্বকরণ ও হাতের লেখার প্রতি বিশেষ গুরুত্বারোপ।

প্রত্যেক সাময়িক ও বার্ষিক পরিক্ষার পূর্বে বইয়ের বিকল্প সাজেশন প্রদান করা হয়। এই সাজেশনে যা আছে তার সবই বইয়ে আছে। পার্থক্য হল সাজেশন প্রত্যেকটা চাপটারের পড়া সিলেবাস ভিত্তিক এক নজরে আছে। বই শেয় করার পর পরিক্ষার পূর্বে আমরা শিক্ষার্থীদের এই সাজেশন পড়িয়ে থাকি। উল্লেখ্য আমাদের সাজেশন শর্ট করা হয় নাই।

### সাংস্কৃতিক অনুষ্ঠান

আমাদের প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান শুধুমাত্র বিনোদনের মাধ্যম নয়; বরং এটি শিক্ষার্থীদের নৈতিক, সৃজনশীল ও সামাজিক বিকাশের এক অনন্য ক্ষেত্র। ইসলামী ও ঐতিহ্যবাহী মূল্যবোধের আলোকে সাজানো এসব অনুষ্ঠানে শিক্ষার্থীরা ক্বিরাত, হামদ-নাত, কবিতা পাঠ, বক্তব্য, নাটিকা, গজল (শিক্ষামূলক), এবং দলীয় পরিবেশনার মাধ্যমে তাদের প্রতিভা প্রকাশের সুযোগ পায়।

প্রতিটি অনুষ্ঠানেই থাকে শৃঙ্খলা, সৌন্দর্য ও শিক্ষণীয় বার্তার সমন্বয়। আমরা বিশ্বাস করি, সাংস্কৃতিক কর্মকান্ড শিশুদের আত্মবিশ্বাস বৃদ্ধি, ভাষা চর্চা, দলগত সমন্বয় ও ব্যক্তিত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

আমাদের আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোতে অভিভাবক ও অতিথিদের উপস্থিতি শিশুদের উৎসাহ দ্বিগুণ করে তোলে, যা তাদের শিখনের প্রক্রিয়াকে আরও আনন্দময় ও স্বরণীয় করে রাখে।

## ভবিষ্যৎ পরিকল্পনা

আমরা বিশ্বাস করি শিক্ষা কেবল বর্তমান নয়, ভবিষ্যতের জন্যও বিনিয়োগ। তাই আমাদের লক্ষ্য একটি সমৃদ্ধ, প্রযুক্তিনির্ভর ও মূল্যবোধসম্পন্ন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা, যা যুগের চাহিদা মেটাতে সক্ষম হবে।

আমাদের ভবিষ্যৎ পরিকল্পনার মূল দিকগুলো:

- শিক্ষার মানোন্নয়ন - নিয়মিত শিক্ষক প্রশিক্ষণ, আধুনিক শিক্ষণপদ্ধতির প্রয়োগ ও আন্তর্জাতিক মানের পাঠ্যক্রম যুক্ত করা।
- প্রযুক্তির ব্যবহার - স্মার্ট ক্লাসরুম, মাল্টিমিডিয়া উপকরণ ও অনলাইন লার্নিং প্ল্যাটফর্ম চালু করা।
- অবকাঠামো উন্নয়ন - আরও প্রশস্ত ও আধুনিক ভবন, গ্রন্থাগার, বিজ্ঞানাগার ও খেলার মাঠ নির্মাণ।
- সহপাঠ কার্যক্রমের সম্প্রসারণ - সাংস্কৃতিক, ক্রীড়া ও নেতৃত্ব বিকাশমূলক কর্মসূচি বৃদ্ধি।
- মানবিক ও নৈতিক শিক্ষা - শিক্ষার্থীদের চরিত্র গঠন, সামাজিক দায়িত্ববোধ ও নেতৃত্বগুণ বিকাশে বিশেষ মনোযোগ।

আমরা প্রতিজ্ঞাবদ্ধ, আল্লাহর কৃপায় ও অভিভাবক-শিক্ষক-শিক্ষার্থীর সমন্বয়ে একটি শিক্ষাঙ্গন গড়ে তুলতে যা আগামী প্রজন্মের জন্য হবে এক উজ্জ্বল দৃষ্টান্ত।

### দারুল উলূম এমদাদীয়া মাদরাসাআপনার সন্তানকে কি দিতে চায়?

একটি শিশু যে বয়সে প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণীর পড়া-লেখা সম্পন্ন করে থাকে সে বয়সে সময়ের যথাযথ সংরক্ষণ, সার্বক্ষণিক তত্ত্বাবধান ও দিনব্যাপী-অনুশীলনের মাধ্যমে দ্বিতীয় শ্রেণীর পড়ালেখার পাশাপাশি দারুল উলূম এমদাদীয়া মাদরাসা আরো যে বিষয়গুলো শিখাতে চায়-

- ৩০পারা কুরআনের বিশুদ্ধ নাযেরা সম্পন্নকরণ।
- হিফজের উপযোগী ছাত্রদের হাফেজ হওয়ার সহজ ব্যবস্থা।
- প্রয়োজন পরিমাণ সূরা মুখস্তকরণ।
- প্রয়োজন পরিমাণ হাদীস অর্থসহ মুখস্তকরণ।
- পবিত্রতা, অযু, গোসল, নামায, রোযাসহ দ্বীনের ফরয মাসআলা-মাসায়েল শিক্ষাদান।
- জুমার নামায, ঈদের নামায, জানাযার নামায, ও কাফন-দাফনের মাসআলা ভিত্তিক প্রশিক্ষণ।
- দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় হালাল-হারামের পরিচয় ও মাসআলা শিক্ষাদান।
- দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় আদব-আখলাকের আমলী প্রশিক্ষণ।

ইসলামী শিষ্টাচার ও সভ্যতার আমলী প্রশিক্ষণ।

## নির্ধারিত সময়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করা

| প্রয়োজন | | |
|---|---|---|
| ছবি | অভিভাবক | এক-কপি |
| সনদ ফটোকপি | ছাত্র-জন্মনিবন্ধন বা/ইং | এক-কপি (ফটোকপি) |
| | মা-বাবা- NID কার্ড | এক-কপি (ফটোকপি) |
| ভর্তির সময় উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই অফিসে প্রদান করা, না হয় রেজিস্ট্রেশন কার্যক্রম স্থগিত রাখা হয়। | | |

### (শিশু-৫ম শ্রেণী) সম্ভাব্য ব্যয় তথ্য-২০২৬ইং

| | | | | |
|---|---|---|---|---|
| ফরম | ১০০৳ | সাজেশন্স ফি | (ফ্রি) | (বিরতি ২০মিনিট) |
| অঃ লাঃ ফি | ১০০০৳ | পরিক্ষা ফি প্রঃ | ৪০০৳ | |
| ভর্তি ফি | ২৫০০৳ | পরিক্ষা ফি দ্বিঃ | ৪০০৳ | |
| বেতন | ১৫০০৳ | পরিক্ষা ফি বাঃ | ৪৫০৳ | |
| ক্লাস সূচি-পরিবর্তনশীল | | | | |
| সকাল ৮.০০টা থেকে দুপুর ১২.০০টা | | বিকাল ৫.০০টা থেকে রাত ৮.৩০মি. | | |

প্রতিষ্ঠাতা ও পরিচালক
দারুল উলূম এমদাদীয়া মাদ্রাসা